4 MAY 2003

তারিখ ... 4 MAY ০৩
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ১

সংবাদ

ফরিদপুরে শিক্ষা প্রতিমন্ত্রী

# শিক্ষকদের বেতন স্কেল পরিবর্তনের চিন্তা-ভাবনা সরকারের রয়েছে

**ফরিদপুর থেকে জেলা বার্তা পরিবেশক ঃ** শিক্ষা প্রতিমন্ত্রী আ.ন.ম এহসানুল হক মিলন বলেছেন, বর্তমান সরকার শিক্ষা ক্ষেত্রকে সর্বাধিক গুরুত্ব দিয়েছেন। মানুষ গড়ার কারিগর হিসেবে পরিচিত শিক্ষক গোষ্ঠী ছিলেন চির অবহেলিত। ফলে শিক্ষকদের বেতন স্কেল পরিবর্তনের চিন্তা-ভাবনা সরকারের রয়েছে। শিক্ষা ক্ষেত্রে আনা হচ্ছে আমূল পরিবর্তন।

শনিবার দুপুরে ফরিদপুর জেলা প্রশাসক সম্মেলন কক্ষে অনুষ্ঠিত ভাঙ্গা উপজেলার পীরেরচর উচ্চ বিদ্যালয়ের আহত শিক্ষক অরুণ চন্দ্র দত্তকে সরকার কর্তৃক ১০ হাজার

স্কেল ঃ পৃঃ২ কঃ৭

## স্কেল ঃ বেতন

(৩২ পৃষ্ঠার পর)

টাকার একটি চেক প্রদান অনুষ্ঠানে প্রতিমন্ত্রী বলেন, অরুণ চন্দ্র দত্ত শিক্ষকের নীতিগত কাজ করতে গিয়ে সন্ত্রাসীদের হাতে আহত হন। তার এই সাহসিকতা আর দায়িত্ব পালনের জন্য ১০ হাজার টাকার চেক ছাড়াও আগামী শিক্ষাদিবসে অরুণ চন্দ্র দত্তকে শ্রেষ্ঠ শিক্ষকের মর্যাদা দেয়া হবে।

শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, সরকার শিক্ষকদের দাবি মেটাতে ইতোমধ্যেই ৯০ শতাংশ ভাতা বরাদ্দ দিয়েছেন। কথা উঠেছে ১০ শতাংশ নিয়ে, যা অনেক শিক্ষকই চান না। তবুও সরকার ১০ শতাংশের বিপক্ষে নয়। ফলে পর্যায়ক্রমে ওই ১০ শতাংশসহ ১০০ শতাংশই প্রদানের চিন্তা-ভাবনা রয়েছে। অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সদরপুর চরভদ্রাসন থেকে নির্বাচিত এমপি চৌধুরী আকমল ইবনে ইউসুফ, শিক্ষক সমিতির সভাপতি সৈয়দ মোজাম্মেল হোসেন, সরকারি রাজেন্দ্র কলেজের অধ্যক্ষ প্রফেসর আবদুল জলিল প্রমুখ।